



WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Honours 4th Semester Examination, 2020

BNGACOR09T-BENGALI (CC9)

Time Allotted: 2 Hours

Full Marks: 50

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।
পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

বিভাগ-ক

- ১। প্রতিটি একক থেকে একটি করে মোট চারটি প্রশ্নের উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দ সংখ্যা অনধিক ১০×৪ = ৪০ ৩০০ হবে)

একক-১

- (ক) ‘ঘরে-বাইরে’ উপন্যাসের মধ্যে দুটি সমান্তরাল প্রবাহ রয়েছে। প্রথমটি রাজনৈতিক, দ্বিতীয়টি সামাজিক — আলোচনা করো। ১০

অথবা

- (খ) ধর্মনীতি নামধারী সত্য কোনোভাবেই সন্দীপের লক্ষ্য নয়, লক্ষ্য হচ্ছে ফললাভ — মস্তব্যটির প্রেক্ষিতে সন্দীপ চরিত্রটি বিশ্লেষণ করো। ১০

একক-২

- (গ) “কিন্তু কেবল অতীত বর্তমান নহে, প্রত্যেক মানুষের মধ্যে অতলস্পর্শ বিরহ” — ‘মেঘদূত’ প্রবন্ধে অতলস্পর্শ বিরহের যে বাকপ্রতিমা রবীন্দ্রনাথ ঠাকুর সৃষ্টি করেছেন তা ব্যাখ্যা করো। ১০

অথবা

- (ঘ) “কাব্য সংসারে এমন দুটি-একটি রমণী আছে যাহারা কবি কর্তৃক সম্পূর্ণ উপেক্ষিত হইয়াও অমরলোক হইতে ভ্রষ্ট হয় নাই।” — দুটি-একটি রমণী কারা ? তাঁরা কবি-কর্তৃক উপেক্ষিতা হয়েও কীভাবে অমরলোকের স্থায়ী আসন লাভ করেছেন ? ৪+৬ = ১০

একক-৩

- (ঙ) “আমি জন্ম-নিয়েছিলুম সেকেলে কলকাতায়।” — ‘ছেলেবেলা’ গ্রন্থ অবলম্বনে সেকালের কলকাতার পরিচয় দাও। ১০

অথবা

- (চ) “বয়স তখন ছিল কাঁচা, হালকা দেহখানা
ছিল পাখির মতো, শুধু ছিল না তার ডানা।” ১০

— ‘ছেলেবেলা’ গ্রন্থে উদ্ধৃত কবিতাটির সংযোজনের প্রাসঙ্গিকতা বিচার করো।

একক-৪

- (ছ) “সেই ব্যষ্টিবর্জিত সমষ্টির আবাস্তবতা কখনোই মানুষ চিরদিন সহিবে না।” — বলশেভিক নীতির ভূয়সী প্রশংসা করেও এর সীমাবদ্ধতাকে রবীন্দ্রনাথ কীভাবে নির্দেশ করেছেন — আলোচনা করো। ১০

অথবা

- (জ) “বিজ্ঞান শিক্ষায় পুঁথি পড়ার সঙ্গে চোখের দেখার যোগ থাকা চাই।” — ‘চোখে দেখার’ যে সকল প্রশালীর রবীন্দ্রনাথ ঠাকুর উল্লেখ করেছেন, ‘রাশিয়ার চিঠি’-র অনুসরণে তার পরিচয় দাও। ১০

বিভাগ-খ

- ২। যে-কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটির শব্দসংখ্যা অনধিক ১৫০) ৫×২ = ১০
- (ক) “আদিম প্রদীপ জ্বালাবার হাজার ঝঞ্জাট পোহাতে রাজি আছি।
কিন্তু তাড়াতাড়ি সুবিধার জন্য ঘরে আগুন জ্বালাতে রাজি নই।”
— কোন্ প্রসঙ্গে কার উক্তি? বক্তব্যটির তাৎপর্য বুঝিয়ে দাও। ২+৩ = ৫
- (খ) “আবার সেই প্রাচীন ভারত খণ্ডটুকুর নদী-গিরি-নগরীর নামগুলিই বা কী সুন্দর!” — প্রবন্ধের নামসহ প্রাচীন ভারতের নদী, গিরি, নগরীর নামগুলি লেখো। ৫
- (গ) বিষুণ কাছে কিশোর রবীন্দ্রনাথ ঠাকুরের গান শেখার অভিজ্ঞতার পরিচয় দাও। ৫
- (ঘ) “তারা সভ্যতার পিলসুজ” — তাদের এই উপমায় উপমিত করবার কারণ নির্দেশ করো। ৫

N.B. : *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

—x—